# বাংলাদেশ কৃষি ব্যাংক

**প্রধান কার্যালয়**

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১

Website: www.krishibank.org.bd
E-mail : dgmonm@krishibank.org.bd


প্রশাসন (এমপিডি) পরিপত্র নং-০৬/২০২৩ তারিখঃ ১৭-০৪-২০২৩ খ্রিঃ

**বিষয়ঃ পরিদর্শন ম্যানুয়েল-২০২৩ জারি প্রসঙ্গে।**

দেশের কৃষি খাতের উন্নয়ন, খাদ্যে স্বয়ম্ভরতা অর্জন ও দারিদ্র্য বিমোচনে বাংলাদেশ কৃষি ব্যাংক গৌরবোজ্জ্বল ভূমিকা পালন করে চলছে। দেশের কৃষি ঋণ চাহিদার সিংহভাগই বাংলাদেশ কৃষি ব্যাংকের মাধ্যমে বিতরণ করা হয়। ফলশ্রুতিতে এ ব্যাংকটি বাংলাদেশের জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। ব্যাংকের এরূপ কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের জন্য প্রয়োজন সঠিক দিকনির্দেশনা ও কঠোর মনিটরিং। সে উদ্দেশ্যে বিদ্যমান ব্যাংকের পরিদর্শন ম্যানুয়েল-১৯৯৪ পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন/সংশোধনপূর্বক বাস্তবতার নিরীখে সময়োপযোগী করে **'পরিদর্শন ম্যানুয়েল-২০২৩'** প্রণয়ন করা হয়েছে।

০২। বিগত ০৬-০৩-২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮২৭তম সভায় 'পরিদর্শন ম্যানুয়েল-২০২৩' অনুমোদিত হয়। অনুমোদিত 'পরিদর্শন ম্যানুয়েল-২০২৩' ব্যাংকের আর্থিক, প্রশাসনিক, ব্যবসায়িক শৃঙ্খলা বাস্তবায়ন ও প্রতিষ্ঠায় বিশেষ ভূমিকা পালন করবে এবং পরিদর্শন সংশ্লিষ্ট কার্যক্রমকে অধিকতর সুশৃঙ্খল, কার্যকর ও যুগোপযোগী করে পরিচালনায় সহায়ক হবে। ভবিষ্যতে জারীকৃত এতদ্‌বিষয়ের সাথে সংশ্লিষ্ট নির্দেশনা ও সংশোধনীসমূহ আলোচ্য পরিদর্শন ম্যানুয়েলের অংশ হিসেবে গণ্য হবে।

০৩। এমতাবস্থায়, 'পরিদর্শন ম্যানুয়েল-২০২৩' ব্যাংকের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের বিভিন্ন বিভাগ, কার্যালয় ও শাখাসমূহে যথাযথভাবে অনুসরণ ও পরিপালনের জন্য সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

১৭.০৪.২০২৩

(মোঃ জয়নাল আবেদীন)
মহাব্যবস্থাপক

সংযুক্তিঃ পরিদর্শন ম্যানুয়েল-২০২৩।

প্রকা/এইচআরএমডি-১(সে-৩)/৩৬(অংশ-২)/২০২২-২০২৩/৭০(১২৫০) তারিখঃ ১৭-০৪-২০২৩ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। **পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।**
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

১৭.০৪.২৩

(মোঃ খোরশেদ আনোয়ার)
উপমহাব্যবস্থাপক